মেহেরপুরে গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে চেক বিতরণ

সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পের সুবিধাভোগী সদস্যদের চেক বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে আমদাহ ইউনিয়নের ১ শত জনকে ১ লক্ষ ৫ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

খুলনা বিভাগীয় সমবায় কার্যালয়ের প্রকল্প পরিচালক ও যুগ্ম নিবন্ধক মো: মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জান তুষারের সঞ্চালনায় এসময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আনারুল ইসলাম, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, উপজেলা সমবায় অফিসার মনিরুজজামান প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সুবিধাভোগীদের সাথে এমপি টগরের মতবিনিময় সভা

বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হিসাবে সারা বিশ্বে পরিচিত লাভ করেছে। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আসার একের পর এক উন্নয়নের ধারা অব্যহত রয়েছ। জাতির জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন দারিদ্র্য খুদা নিরক্ষর মুক্ত একটি সোনার বাংলাদেশ। জাতির জনকের স্বপ্ন পৃরনে তারিউ সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও